# জনসংযোগ অফিস

## বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী,বরিশাল সদর,বরিশাল - ৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd


"শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ"

**প্রেস রিলিজ**

তারিখঃ ২২/০২/২০১৭

# বর্ণাঢ্য আয়োজনে বরিশাল বিশ্ববিদ্যালয় দিবস ২০১৭ উদ্‌যাপন

বর্ণাঢ্য আয়োজনে উদ্‌যাপিত হচ্ছে বরিশাল বিশ্ববিদ্যালয় দিবস ২০১৭। ২০১১ সালের ২২ ফেব্রুয়ারি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনা বরিশাল বিশ্ববিদ্যালয়ের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন, সেই থেকে এ দিনটি বরিশাল বিশ্ববিদ্যালয় দিবস হিসেবে পালিত হয়ে আসছে। বিশ্ববিদ্যালয় দিবসকে বরণ করে নিতে বিশ্ববিদ্যালয় পরিবারের পক্ষ থেকে ব্যাপক কর্মসূচি হাতে নেয়া হয়। সকাল ১০ টায় জাতীয় পতাকা, বিশ্ববিদ্যালয়ের পতাকা উত্তোলন এবং বেলুন ও ফেস্টুন উড়ানোর মাধ্যমে বরিশাল বিশ্ববিদ্যালয় দিবস ২০১৭ এর আনুষ্ঠানিকতার শুভ সূচনা করেন  প্রধান অতিথি পার্বত্য শান্তি চুক্তির রূপকার বাংলাদেশ জাতীয় সংসদের স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় সম্পর্কীত সংসদীয় স্থায়ী কমিটির চেয়ারম্যান আলহাজ্ব আবুল হাসানাত আবদুল্লাহ এমপি, বিশেষ অতিথি এ্যাডভোকেট তালুকদার মোঃ ইউনুস এমপি, ববি উপাচার্য বিশিষ্ট মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞানী প্রফেসর ড. এস এম ইমামুল হক এবং ট্রেজারার অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসান,  বরিশাল জেলা আওয়ামীলীগ এর সিনিয়র সহ-সভাপতি সাহান আরা বেগম এবং বরিশাল মহানগর আওয়ামীলীগের যুগ্ম-সাধারন সম্পাদক সেরনিয়াবাত সাদিক আবদুল্লাহ। পতাকা উত্তোলন শেষে ববি পরিবারের অংশগ্রহনে অনুষ্ঠিত হয় বর্ণাঢ্য আনন্দ শোভাযাত্রা। উপাচার্য প্রফেসর ড. এস এম ইমামুল হক এর নেতৃত্বে শোভাযাত্রায় প্রধান অতিথি আলহাজ্ব আবুল হাসানাত আবদুল্লাহ এমপি, বিশেষ অতিথি এ্যাডভোকেট তালুকদার মোঃ ইউনুস এমপি, পঙ্কজ দেবনাথ এমপি, ট্রেজারার অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসান, ববির সম্মানিত সিন্ডিকেট সদস্যবৃন্দ, মাননীয় উপাচার্য মহোদয়ের সহধর্মিনী মন্টি ইমাম হক, বরিশাল জেলা আওয়ামীলীগ এর  সিনিয়র সহ-সভাপতি সাহান আরা বেগম, বরিশাল মহানগর আওয়ামীলীগের যুগ্ম-সাধারন সম্পাদক সেরনিয়াবাত সাদিক আবদুল্লাহ, জেলা ও উপজেলা পরিষদের চেয়ারম্যান, স্থানীয় প্রশাসন ও বিভিন্ন সংস্থার উর্ধ্বতন ব্যক্তিবর্গ, রাজনৈতিক নেতৃবৃন্দ, বরিশাল বিশ্ববিদ্যালয় স্থাপন শীর্ষক প্রকল্পের প্রকল্প পরিচালক, রেজিস্ট্রার, প্রক্টর, বিভাগীয় প্রধান, প্রভোস্টবৃন্দ, পরিচালকবৃন্দ, শিক্ষকমন্ডলী, শিক্ষার্থীবৃন্দ, দপ্তর প্রধানগণ, কর্মকর্তাবৃন্দ, বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সংগঠনের নেতৃবৃন্দ ও কর্মচারীরা অংশগ্রহন করেন। বর্নাঢ্য এ শোভাযাত্রাটি ক্যাম্পাসের বিভিন্ন সড়ক প্রদক্ষিন শেষে মুক্তমঞ্চের আলোচনা সভাস্থলে এসে শেষ হয়। অনুষ্ঠানস্থলে পৌছলে প্রধান অতিথি ও বিশেষ অতিথিসহ অন্যান্য অতিথিবৃন্দকে  ফুল দিয়ে বরণ করে নেন বরিশাল বিশ্ববিদ্যালয় পরিবারের পক্ষে মাননীয় উপাচার্য ও ট্রেজারার মহোদয় সহ অন্যান্যরা। উপাচার্য প্রফেসর ড. এস এম ইমামুল হক এর সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় বক্তব্য রাখেন প্রধান অতিথি আলহাজ্ব আবুল হাসানাত আবদুল্লাহ এমপি। প্রধান অতিথির বক্তব্যে আলহাজ্ব আবুল হাসানাত আবদুল্লাহ এমপি **বরিশাল বিশ্ববিদ্যালয় দিবসের প্রক্কালে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবার, জাতীয় চার নেতা এবং মহান ভাষা আন্দোলনে যাঁরা শহীদ হয়েছেন তাদের গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করেন। তিনি বলেন, মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনা সরকার শিক্ষাবান্ধব সরকার। যার প্রমান আপনারা পেয়েছেন,  আজ বছরের প্রথমদিনেই কোমলমতি শিক্ষার্থীদের হাতে তাদের পাঠ্য বই পৌঁছে যায়।  এ বরিশাল বিশ্ববিদ্যালয় শেখ হাসিনার অবদান। বরিশাল শিক্ষা বোর্ড, শহীদ আবদুর রব সেরনিয়াবাত টিচার্স ট্রেনিং কলেজ, দোয়ারিকা শিকারপুর সেতু, শহীদ আবদুর রব সেরনিয়াবাত সেতু, পায়রা বন্দর সহ সারা দক্ষিনাঞ্চলের যা উন্নয়ন তা সবই মাননীয় প্রধানমন্ত্রীর অবদান। তাই আসুন আজকে আমরা বঙ্গবন্ধুর আদর্শকে ধারন করে মুক্তিযুদ্ধের চেতনায় একটি সুখী, সুন্দর ও সমৃদ্ধ বাংলাদেশ গড়ার শপথ নেই। তিনি বরিশাল বিশ্ববিদ্যালয় দিবসে বরিশাল বিশ্ববিদ্যালয় পরিবারের সকলকে অভিনন্দন জানান**। অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন বিশেষ অতিথি এ্যাডভোকেট তালুকদার মোঃ ইউনুস এমপি, পঙ্কজ দেবনাথ এমপি, ট্রেজারার অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসান, শিক্ষক সমিতির সভাপতি মো. আবদুল কাইয়ুম, অফিসার্স এসোসিয়েশনের সাধারন সম্পাদক মো. রফিকুল ইসলাম সেরনিয়াবাত, বরিশাল বিশ্ববিদ্যালয় ছাত্রলীগ নেতৃবৃন্দের পক্ষে শিক্ষার্থী আল মেহেদী শাওন, ইমরান হোসেন নাঈম, ফিরোজুল ইসলাম নয়ন, ৩য় শ্রেনি কর্মচারী কল্যান পরিষদের সভাপতি নাদিম মল্লিক এবং ৪র্থ শ্রেনি কল্যান পরিষদের সভাপতি মো. শাহাজাদা। **সভাপতির বক্তব্যের শুরুতে উপাচার্য মহোদয় সকলকে বিশ্ববিদ্যালয় দিবসের উষ্ণ অভিনন্দন জ্ঞাপন করে বলেন, বঙ্গবন্ধুর স্বপ্নের প্রতিষ্ঠান হচ্ছে এ বরিশাল বিশ্ববিদ্যালয়। আর এ বিশ্ববিদ্যালয়টিকে বাস্তবে রূপদানের জন্য তিনি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনার প্রতি কৃতজ্ঞাতা প্রকাশ করেন। উপাচার্য মহোদয়**

**আমন্ত্রিত প্রধান অতিথি ও বিশেষ অতিথির মাধ্যমে মাননীয় প্রধানমন্ত্রীর নিকট গোপালগঞ্জের টুঙ্গীপাড়াকে বাংলাদেশের ২য় রাজধানী করার আহ্বান জানান। তিনি উপস্থিত সকলের উদ্দেশ্যে বলেন, আমার মেয়াদকালের মধ্যে যদি আর একটি ছাত্র হলের জন্য অর্থ বরাদ্দ পাওয়া যায় তাহলে সিন্ডিকেটের অনুমোদন স্বাপেক্ষে হলটির নাম হবে শহীদ আবদুর রব সেরনিয়াবাত হল। উপাচার্য মহোদয় উপস্থিত শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, এখন থেকে তোমরা যারা বরিশাল নগরীতে গিয়ে বিভিন্ন জায়গায় পড়াও তাদের সুবিধার্থে নগরী থেকে রাত ৮.৩০ ও ৯.৩০ মিনিটে দুটি গাড়ি বিশ্ববিদ্যালয়ের উদ্দেশ্যে ছেড়ে আসবে। তিনি বরিশাল বিশ্ববিদ্যালয় দিবসে বরিশালবাসী সহ বিশ্ববিদ্যালয় পরিবারের সকলকে আন্তরিক অভিনন্দন জানান।** অনুষ্ঠানটি সঞ্চালনা করেন রেজিস্ট্রার মো. মনিরুল ইসলাম। আলোচনা সভা শেষে বরিশাল বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় সাংস্কৃতিক কমিটির আয়োজনে এবং শিক্ষার্থীদের অংশগ্রহনে এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়।

কর্তৃপক্ষের নিদেশক্রমে

মো. ফয়সল মাহমুদ রুমি
উপ-পরিচালক (চলতি দায়িত্ব)
জনসংযোগ অফিস
বরিশাল বিশ্ববিদ্যালয়
(b.university.pro@gmail.com)